দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ইউজিসি চেয়ারম্যানের এমটিসি গ্লোবাল এ্যাওয়ার্ড গ্রহণ

এমটিসি গ্লোবালের দুইদিনব্যাপী ৬ষ্ঠ বার্ষিক সম্মেলনে শিক্ষায় বিশেষ অবদানের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানকে এমটিসি গ্লোবাল রুশিকুমার পাণ্ডে লাইফ টাইম এ্যাচিভমেন্ট এ্যাওয়ার্ড প্রদান করা হয়।

শনিবার সমাপ্ত এমটিসি গ্লোবাল হচ্ছে ম্যানেজমেন্ট শিক্ষকদের একটি কর্নসোর্টিয়াম, যা বিশ্বের ৩৫ দেশে বিস্তৃত। এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানটি ইন্টারন্যাশনাল স্কুল অব ম্যানেজমেন্ট (আইএসএমই) ব্যাঙ্গালুরু, ভারতে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. ভোলানাথ দত্ত, ফাউন্ডার এ্যান্ড এএমপি, প্রেসিডেন্ট, এমটিসি গ্লোবাল। এ বছরের সম্মেলনের প্রতিপাদ্য বিষয় ছিল 'ডিসরাপটিভ ইনোভেশন ইন এডুকেশন'।

-বিজ্ঞপ্তি




*লাইফ টাইম এ্যাচিভমেন্ট এ্যাওয়ার্ড গ্রহণ করছেন অধ্যাপক আবদুল মান্নান*